তারিখ 03 JUN 2016
পৃষ্ঠা ১০

সংবাদ

# উপবৃত্তি বঞ্চিত হচ্ছে অর্ধশতাধিক শিক্ষার্থী

## প্রধান শিক্ষককে কারণ দর্শানো নোটিশ

**প্রতিনিধি, মণিরামপুর (যশোর)**

যশোরের মণিরামপুরে পাতন জুড়ানপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অর্ধ-শতাধিক শিক্ষার্থী উপবৃত্তি বঞ্চিত হতে চলেছে। এ কারণে ওই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে বিদ্যালয় পরিচালনা কমিটি ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস দু'টি পৃথক কারণ দর্শানোর নোটিশ প্রদান করেছে।

উপজেলার পাতন জুড়ানপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ভগিরত মোড়লের স্বেচ্ছাচারিতার কারণে ওই বিদ্যালয়ের বিভিন্ন শ্রেণির অর্ধ-শতাধিক উপ-বৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থীর নামের তালিকা সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ না করায় বঞ্চিত হতে চলেছে ওই শিক্ষার্থীরা। এ নিয়ে গত সোমবার বিদ্যালয় পরিচালনা কমিটির এক বিশেষ সভায় প্রধান শিক্ষককে দ্রুত শিক্ষার্থীদের তালিকা সংশ্লিষ্ট দপ্তরে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়। কিন্তু প্রধান শিক্ষকের স্বেচ্ছাচারিতার কারণে তালিকা জমা হয়নি। এছাড়া ওই শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, পরিচালনা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নে প্রতিবন্ধকতা সৃষ্টিসহ নানা অভিযোগে পরিচালনা কমিটি একটি কারণ দর্শানোর নোটিশ দেয়। এদিকে শিক্ষার্থীদের তালিকা জমা না দেওয়ায় উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আরো একটি কারণ দর্শানোর নোটিশ জারি করেন। বিদ্যালয় পরিচালনা পরিষদের সভাপতি কাজী আকরাম হোসেন জানান, উপ-বৃত্তি তালিকা তৈরির ব্যাপারে প্রধান শিক্ষককে বার বার বলা সত্ত্বেও তিনি তা করেননি। তাছাড়া তাঁর বিরুদ্ধে অর্থ আত্মসাৎ, স্বেচ্ছাচারিতা ও স্বাক্ষর জাল করার অভিযোগ রয়েছে। এ কারণে তাঁকে কারণ দর্শানোর জন্য বলা হয়েছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আকরাম হোসেন খান জানান, নির্ধারিত সময়ের মধ্যে উপ-বৃত্তির সুবিধাভোগী শিক্ষার্থীদের তালিকা না পাওয়ায় প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিস পাঠানো হয়েছে।